দৈনিক বাংলা

তারিখ 10 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# সরকারী শিক্ষক পদপ্রার্থীর জ্ঞানের বহর

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ৯ ডিসেম্বর।—"রাষ্ট্রপ্রধান—প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, সরকার প্রধান স্পীকার শখ রাজ্জাক আলী।" সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উচ্চ বিদ্যালয়সমূহের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য মৌখিক পরীক্ষায়, একজন পরীক্ষার্থী প্রেসিডেন্ট ও সরকার প্রধান কে? এই প্রশ্নের জবাবে ঐ উত্তর দেন।

সিটি মেয়র মীর নাসিরউদ্দীন ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবু হাফিজ আজ এই প্রতিনিধির সাথে আলোচনাকালে বলেন, এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যন্ত প্রথম বিভাগ প্রাপ্ত ৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ জন পরীক্ষার্থী ইংরেজীতে 'মেয়র' বানান ভুল করেন। রাষ্ট্র বিজ্ঞানের অধিকাংশ ছাত্র "রিপাবলিক" শব্দের অর্থ এবং বৃটেনের 'রাজতন্ত্র' ও বাংলাদেশের 'প্রজাতন্ত্র'-এর পার্থক্য বলতে পারেনি।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উচ্চ বিদ্যালয়সমূহের সহকারী শিক্ষকের শূন্য পদের দরখাস্ত আহ্বান করা হলে ৭শ' জন প্রার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ নেন। সহকারী শিক্ষক/শিক্ষিকা পদের জন্য যোগ্যতা চাওয়া হয়েছিল কমপক্ষে স্নাতক পাস। মেয়র বলেন, বেশ কয়েকজন 'পরীক্ষার্থী সায়েন্স বানান করেন "CIENES'। অনার্স বানান করেন 'ONEARS'। অধিকাংশ পরীক্ষার্থীর Tense সম্পর্কে ধারণা নেই। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান : বর্তমান সাংবিধানিক ব্যবস্থায় আইন প্রণয়নে সংসদ ও প্রেসিডেন্টের ভূমিকা সম্পর্কে অধিকাংশ পরীক্ষার্থী ছিলেন সম্পূর্ণ অজ্ঞ। এই ছিল স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর বহর।